আজকের কাগজ

তারিখ 22 OCT 1992
পৃষ্ঠা ৮ কলাম ৬

# নৈর্ব্যক্তিক পদ্ধতি পরিবর্তনের কোনো পরিকল্পনা সরকারের নেই

**কাগজ প্রতিবেদক :** শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার বলেছেন, মাধ্যমিক পর্যায়ে বর্তমান নৈর্ব্যক্তিক সিলেবাস পরিবর্তন করার পরিকল্পনা সরকারের নেই। তবে বর্তমানে প্রচলিত নৈর্ব্যক্তিক সিলেবাস ৫শ' প্রশ্নের পরিবর্তে সমগ্র বই থেকে প্রশ্ন সম্বলিত করার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিবেচনা করে দেখছে। আওয়ামী লীগ সাংসদ শামসুল হকের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী গতকাল সংসদে এই তথ্য জানান।

বিএনপি সাংসদ সরদার সাখাওয়াত হোসেন বকুলের অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, চলতি অর্থবছরে দেশের বিভিন্ন এলাকায় অবস্থিত মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ সরকারিকরণের বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে। কতগুলো কলেজ ও বিদ্যালয় সরকারিকরণ করা হবে তা নির্ধারণের পর এই খাতে আর্থিক ব্যয় নিরূপণ করা সম্ভব হবে।

সমাজকল্যাণ মন্ত্রী তরিকুল ইসলাম বলেছেন, দেশে বেসরকারি এতিমখানার সংখ্যা ১ হাজার ৪৭টি। এসব এতিমখানাগুলোর মধ্যে ৭শ' ১২টিতে সরকার সাহায্য দিয়ে থাকে। এগুলোর তদারকির জন্যে কোনো সংসদীয় কমিটি নেই। ভবিষ্যতে তদারকি করতে একটি সংসদীয় কমিটি গঠনের বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে। আওয়ামী লীগ সাংসদ হাজী রাশেদ মোশাররফ হোসেনের এক প্রশ্নের উত্তরে সমাজকল্যাণ মন্ত্রী গতকাল সংসদে এই তথ্য জানান।